

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬২৩

১/ বিবিধ

আরবী

من أفطر يوماً في شهر رمضان في الحضر فليهد بدنة، فإن لم يجد فليطعم ثلاثين صاعاً من تمر المساكين
موضوع

أورده ابن الجوزي في "الموضوعات" من رواية الدارقطني عن خالد بن عمرو الحمصي: حدثنا أبي: أنبأنا الحارث بن عبيدة الكلاعي: حدثنا مقاتل بن سليمان عن عطاء بن أبي رباح عن جابر مرفوعاً. وقال (2 / 196): "مقاتل كذاب. والحارث ضعيف". وأقره السيوطي في "اللآلي" (2 / 106)، ومع ذلك فقد أورده في "الجامع الصغير"! وتعقبه المناوي بقوله: "وقال مخرجه الدارقطني: الحارث ومقاتل ضعيفان جداً. أهـ. فقد برىء مخرجه من عهده ببيان حاله، فتصرف المصنف بحذف ذلك من كلامه غير جيد، وفي "الميزان": هذا حديث باطل، يكفي في رده تلف خالد، وشيخه ضعيف، ومقاتل غير ثقة، وخالد كذبه الفريابي، وواه ابن عدي". ثم ذكر كلام ابن الجوزي السابق ثم قال: "وتبعه المؤلف في مختصره ساكتاً عليه

বাংলা

৬২৩। যে ব্যক্তি রামায়ান মাসে হাযারে (সফরে না থেকে) থেকে একদিন সওম ছেড়ে দিবে সে যেন একটি উট হাদিয়াহ দেয়। যদি তা না পায় তাহলে ত্রিশ সা খেজুর মিসকীনদেরকে খাওয়াবে।

হাদীছটি জাল।

এটিকে ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে দারাকুতনীৰ বর্ণনা হতে উল্লেখ করেছেন। এটির সনদে খালেদ ইবনু আমর হিমসী, হারেস ইবনু উবায়দাহ আল-কালান্দি ও মুকাতিল ইবনু সুলায়মান রয়েছে।

ইবনুল জাওয়ী (২/১৯৬) বলেনঃ মুকাতিল মিথ্যুক আর হারেস দুর্বল। সুযূতী "আল-লাআলী" (২/১০৬) গ্রন্থে তাকে সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি "আল-জামে'উস সাগীর" গ্রন্থে উল্লেখ করায় মানবী তার সমালোচনা করে বলেছেন, দারাকুতনী বলেনঃ হারেস এবং মুকাতিল নিতান্তই দুর্বল।

"আল-মীযান" গ্রন্থে এসেছে, এ হাদীছটি বাতিল। খালেদ ধ্বংসপ্রাপ্ত, তার শাইখ দুর্বল, মুকাতিল নির্ভরযোগ্য নয়। এই খালেদকে ফিরইয়াবী মিথ্যুক আর ইবনু আদী খুবই দুর্বল আখ্যা দিয়েছেন। অতঃপর তিনি পূর্বে আলোচিত ইবনুল জাওয়ীর কথাগুলো উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71502>

📌 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন